মানুষকে ঘরে ফেরাতে মেহেরপুর ট্রাফিক পুলিশের অভিযান

করোনা ভাইরাস প্রতিরোধে মানুষকে ঘরে থাকতে বলা হচ্ছে। এরপরও বেশ কিছু মানুষ লক ডাউন না মেনে ঘুরে বেড়াচ্ছে বিভিন্ন জায়গায়।

সেই সাথে গন পরিবহন গুলেকেও দেখা যাচ্ছে অবাধে বিচরণ করতে।

এই সব মানিষকে ঘরে ফেরাতে অভিযানে নেমেছে জেলা ট্রাফিক পুলিশ।

বুধবার দুপুর থেকে পুলিশ সুপার এস এম মুরাদ আলীর নির্দেশে শহরের বিভিন্ন জায়গায় অভিযান চালানো হয়।

সেই সাথে অপ্রয়োজনীয় ভাবে অবৈধ ট্রাকটর প্রধান সড়কে চলাচলের কারনে চালকের বিরুদ্ধে মামলা করে ট্রাফিক পুলিশ।

অভিযানে নেতৃত্ব দেন টিআই ওয়ান- ইসমাইল হোসেন, এসময় সহযোগীতা করেন টিআই টু- মুজতবা সহ জেলা পুলিশের বেশ কয়েকজন সদস্য।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে প্রশাসনের প্রচার অভিযান

মেহেরপুরে সামজিক দুরত্ব নিশ্চিত করতে প্রশাসনের অভিযান

মেহেরপুরে করোনা ভাইরাস মোকাবেলায় জন সচেতনতা সৃষ্টি ও সামাজিক দুরত্ব নিশ্চিত করতে জেলা প্রশাসন ও জেলা পুলিশ যৌথ অভিযান চালিয়েছে।

বুধবার দুপুরে মেহেরপুরের প্রধান সড়ক গুলোতে জন সাধারণকে এই প্রচার অভিযান চালানো হয়।

এ সময় জেলা প্রশাসক নিম্ন আয়ের পরিবহন চালকদের বাসায় অবস্থানের জন্য বলেন। সেই সাথে তাদের বাড়িতে খাদ্য পৌছে দেওয়ারও আশ্বাস দেন।

জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলী বলেন, আপনারা সামাজিক দুরত্ব বজায় রেখে নিত্যপ্রয়োজনীয় কজ করুন।

সেই সাথে আগামী দুই সপ্তাহ ঝুকিপূর্ণ উল্লেখ করে সবাইকে বাড়িতে থাকার আহবান জানান।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ৪ হাজার ৫শ পরিবার পাচ্ছে প্রধানমন্ত্রীর ত্রান-সাহায্য

মেহেরপুরে ৪ হাজার ৫শ পরিবারকে দেওয়া হবে প্রধানমন্ত্রীর ত্রান-সাহায্য।

আজ বুধবার থেকে বিতরণ করা হবে এই খাদ্য সামগ্রী।

জেলা প্রশাসক আতাউল গনি বিষয়টি নিশ্চিত করে বলেন, প্রধানমন্ত্রীর ত্রান-সাহায্য ইতি মধ্যে মেহেরপুরে পৌছেছে।

আজ বুধবার থেকে সেগুলো বিতরণ করা হবে। মেহেরপুর জেলায় ৪ হাজার ৫শ পরিবারকে দেওয়া হবে।

এর মধ্যে মেহেরপুর সদরে ২হাজার গাংনী উপজেলায় ১ হাজার ৫শ ও মুজিবনগর উপজেলায় ১ হাজার।

এছাড়াও তিনি বলেন, যাদের খাদ্য সামগ্রী প্রয়োজন, তারা উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে যোগাযোগ করতে বলা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে করোনা সন্দেহে প্রথম একজন প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে

জ্রর, কাঁশি ও শ্বাসকষ্ট উপসর্গ নিয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়েছে মধ্যে বয়সী এক পুরুষ রোগী। তাকে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে রেখে নমুনা সংগ্রহ করে আইইডিসিআর এ পাঠানো প্রক্রিয়া চলছে। এই প্রথম কোন ব্যক্তিকে মেহেরপুরে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে রাখা হলো।

মঙ্গলবার রাতে তিনি গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হন। তার বাড়ি গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নে। গাংনী হাসপাতাল কর্তৃপক্ষ ঐ রুগীকে সেবা দিতে গড়িমশি করছে বলে অভিযোগ করেছেন তার স্বজনরা।

শ্বাসকষ্ট ও সর্দিজ্বর নিয়ে ভর্তি হওয়া ঐ রুগীর ছেলে জানান, রবিবার তার বাবাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেয়া হয়েছিলো। তারা ভর্তি না নিয়ে জরুরী বিভাগ থেকে ব্যবস্থাপত্র দিয়ে বাড়িতে চিকিৎসা নিতে বললে বাড়িতে আনা হয়। সেখানকার চিকিৎসা নিয়ে জ¦ও ও শ^◌াস কষ্ঠ সেেও গেছে। তবে এখনো কাঁশি রয়েছে। কাশি থাকায় মঙ্গলবার রাত ৯ টায় আবারো গাংনী হাসপাতলে নেয়া হয়। সেখানেও তারা প্রথম দিকে বাবাকে ভর্তি অপারগতা প্রকাশ করলেও পরে নানান দেনদরবার অনুরোধে ভর্তি করা হলেও চিকিৎসা দেয়া হয় রাত সাড়ে ১২ টায়।

রোগীর ছেলে আরো জানান, বুধবার সকালে সেনাবাহিনীর একটি দল আমাদের গ্রামে গিয়ে সতর্ক করেছেন এবং আশেপাশের বাড়িগুলোকে প্রশাসনিক নজরদারিতে রাখা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, ঐ রুগী ভর্তি হওয়ার পর করোনা আতঙ্কে বেশকয়েকজন রুগী হাসপাতাল থেকে বাড়ি ফিরে গেছেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা.

রিয়াজুল ইসলাম চিকিৎসা না দেওয়ার অভিযোগ অস্বীকার করে বলেন রোগীর নমুনা সংগ্রহ করা হয়েছে। নমুনা আইইডিসিআর এ পাঠানো প্রক্রিয়া চলছে।

মেহেরপুরের সিভিল সার্জন মো: নাসির উদ্দীন জানান, মধ্যে বয়সী ঐ পুরুষ রুগী শ্বাসকষ্ট, জ্বর ও এ্যাজমা নিয়ে ভর্তি হয়েছে। ঐ রুগীর বিষয়ে ঢাকা রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) যোগাযোগ করলে তারা নমুনা সংগ্রহ পাঠানোর কথা জানালে নমুনা সংগ্রহ করে পাঠানো হবে।

মেহেরপুরের জেলা প্রশাসক মো: আতাউল গনি বলেন, জেলায় এই প্রথম করোনা সন্দেহে গাংনীতে একজনকে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে রাখা হয়েছে। ওই ব্যক্তির নমুনা সংগ্রহ করে আমাদের জেলা প্রশাসনের গাড়িতে করে আইইডিসিআর এ পাঠানো হচ্ছে।

গাংনীতে ভ্যান চালকদের মাঝে এমপি’র খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরের গাংনীতে করোনা প্রতিরোধে কর্মহীন হয়ে পড়া ভ্যান চালকদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেছেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। বুধবার সকালে তার ব্যাক্তিগত তহবিল থেকে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে বলে তিনি জানিয়েছেন।

গাংনী পৌর এলাকার কর্মহীন ১৫০ জন ভ্যানচালকদের মধ্যে চাল,ডাল,তেলসহ বিভিন্ন খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু এসময় উপস্থিত ছিলেন।

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ওয়ার্ড ছেড়েছে রোগীরা

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ঠান্ডা,জ¦র,কাশি নিয়ে একজন ভর্তি হওয়ায় করোনা সন্দেহে স্বাস্থ্য কমপ্লেক্স ছেড়েছে রোগীরা। এমনকি কর্তব্যরত সেবিকারাও ব্যক্তিগত নিরাপত্তার অজুহাতে সেবা দিতে ভয় পাচ্ছেন। মঙ্গলবার রাতে ওই ব্যক্তিকে স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। তবে স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষ জানান, রোগীটি করোনায় আক্রান্ত কিনা তা নির্নয় করতে নমুনা সংগ্রহ করবে আইইডিসিআর

জানা গেছে, মঙ্গলবার রাতে উপজেলার গাড়াডোব গ্রামের মধ্য বয়সী একজন ঠান্ডা,জ¦র,কাশি নিয়ে গাংনী উপজেলা স্বাস্থকমপ্লেক্সে ভর্তি হন। ওই রোগী করোনায় আক্রান্ত সন্দেহে ওয়ার্ডের ভর্তিকৃত অন্যান্য রোগীরা ছেড়ে চলে গেছেন। তবে রোগীকে হাসপাতালের একটি কেবিনে রাখা হয়েছে।

সেবিকারাও রয়েছে আতংকে। পিপিই না থাকায় রোগির কাছে ভিড়তে ভয় পাচ্ছেন তারা। রোগীকে কোন চিকিৎসা দেয়া হচ্ছে না বলেও জানান রোগীর স্বজনরা।

ক্যামেরার সামনে কথা না বলে মোবাইল ফোনে উপজেলা স্বাস্থ্য প.প.প.কর্মকর্তা ডা. রিয়াজুল ইসলাম জানিয়েছেন, মঙ্গলবার রাতে শ^◌াসকষ্ট, ঠান্ডা,জ¦র,কাশি নিয়ে একজন রোগী হাসপাতালে ভর্তি হয়েছে। হাসাপাতাল থেকে আইইডিসিআর এ যোগাযোগ করেছি রোগীর নমুনা সংগ্রহ করে পরীক্ষার পর জানা যাবে তিনি করোনা আক্রান্ত কি না?

গাংনীতে দিনমজুর কুপিয়ে হত্যার ঘটনায় দুই জন আটক

গাংনীতে দিনমজুর কুপিয়ে হত্যার ঘটনায় রবিউল ইসলাম(৫৫) ও জাহিদুল ইসলাম(২৮) নামের দুই জনকে আটক করেছে পুলিশ।

মঙ্গলবার দিবাগত রাতে তাদের আটক করা হয়।

আটককৃত দুইজন শারীরিক ভাবে জখম থাকায় তাদের মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসা হয়।

বর্তমানে আসামীরা পুলিশ পাহারায় মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছে।

আটক রবিউল ও জাহিদুল পিতা-পুত্র, তারা গাংনী উপজেলার ধর্মচাকি গ্রামের বাসিন্দা।

উল্লেখ্য, গত মঙ্গলবার দিবাগত রাত ১০টার দিকে ধর্মচাকি গ্রামে গমের নাড়া কাটা নিয়ে বিবাদের জের ধরে উমর আলী নামের এক দিনমজুরকে কুপিয়ে হত্যা করা হয়।

গাংনীতে তুচ্ছ ঘটনায় দিনমজুরকে কুপিয়ে হত্যা

মেহেরপুরের গাংনীতে উমর আলী (৪৮) নামের এক দিন মজুরকে কুপিয়ে হত্যা করা হয়েছে।

মঙ্গলবার রাত দশটার দিকে তুচ্ছ ঘটনায় কেন্দ্র করে গ্রামের জাহিদুল ইসলাম ও তার লোকজন তার উপর হামলা করে। এ ঘটনায় নিহতের স্ত্রী পারভিনা খাতুন (৪২) গুরুতর আহত হয়েছেন।

নিহতের স্বজনরা জানান, গমের নাড়া কাটা নিয়ে উমর আলীর সাথে একই গ্রামের বুলু মিয়ার ছেলে জাহিদুল ইসলামের বিরোধ বাধে। এ নিয়ে

রাতে জাহিদুল ইসলাম লোকজন নিয়ে উপর আলীর উপর ধারালো অস্ত্র নিয়ে আক্রমণ করে। তাকে ঠেকাতে এগিয়ে যার স্ত্রী। তারা স্বামী স্ত্রীকে ধারালো অস্ত্র নিয়ে কুপিয়ে জখম করে। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে গাংনী হাসপাতালে পাঠালে চিকিৎসকরা উমর আলীকে মৃত ঘোষণা করেন। আশংকাজনক অবস্থায় নিহতের স্ত্রীকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠিয়েছেন চিকিৎসক।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। হামলার সাথে জড়িতের গ্রেফতারের চেষ্টা চলছে। মরদেহ ময়না তদন্তের জন্য মর্গে পাঠানো হচ্ছে।

কুষ্টিয়ার কুমারখালীতে আওয়ামী লীগের দুই গ্রুপের সংঘর্ষ, দুই ভাই নিহত

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার চাপড়া ইউনিয়নের পাহাড়পুরে আওয়ামী লীগ সমর্থক দুইদল গ্রামবাসীর মধ্যে সংঘর্ষে মেহেদ আলী (৬০) ও গোকুল আলী (৫০) নামে দুই সহোদর নিহত হয়েছেন।

ক্রিকেট খেলাকে কেন্দ্র করে পুর্ব বিরোধের জের ধরে মঙ্গলবার রাত ৮ টার দিকে সালিশী বৈঠক শেষে এই সংঘর্ষ বাধে। এ ঘটনায় আরো ৫ জন আহত হয়েছেন বলে জানা গেছে। আহতদের কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়া হয়েছে।

পুলিশ ও স্থানীয়রা জানান, গত সোমবার পাহাড়পুর ঈদগা মাঠে অনুষ্ঠিত ক্রিকেট খেলায় দুই পক্ষের মধ্যে হাতাহাতি হয়। গতকাল সন্ধ্যার পর স্থানীয় বাধবাজার পুলিশ ক্যাম্পে এ বিষয়ে সালিশী বৈঠক হয়।

বৈঠক শেষে বাধবাজারে এসে ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি আব্দুর রাজ্জাকের সমর্থিত লোকজন ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সভাপতি ফিরোজুর রহমান কটার অফিসের সামনে এসে তাকে বকা-বাধ্য

করে। এতে উভয় পক্ষের মধ্যে হাতাহাতি হয় এবং এক পর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়। নিহত দুজন কটার সমর্থক।

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহাঙ্গীর আলম জানান, বর্তমানে পরিস্থিতি শান্ত করতে সেখানে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

পকেট খরচের টাকা বাঁচিয়ে কর্মহীণদের পাশে গাংনীর ছাত্রলীগ

সারাদেশে ছাত্রলীগ যখন নানা বির্তকে ঠিক তখনী মেহেরপুরের গাংনী উপজেলায় ব্যত্রিকমী এক উদ্দ্যোগে সুনাম অর্জন করলেন গাংনীর ছাত্রলীগ। করোনার কারনে কর্মহীন অসহায় মানুষের পাশে দারালেন নিজেদের পকেট খরচের টাকা দিয়ে। নিজেদের অর্থদিয়ে মানুষের পাশে দারিয়ে দৃষ্টান্ত স্থাপন করায় অনেকে বাহবা দিয়েছেন গাংনী পৌর ছাত্রলীগকে।

গতকাল মঙ্গলবার বিকেলে গাংনী কাথূলী মোড়ে আনুষ্ঠানিক প্রধান অতিথি হিসেবে থেকে এ খাদ্য দ্রব্য বিতরন অনুষ্ঠানের উদ্বোধন করেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

অনুষ্ঠানে গাংনী পৌর ছাত্রলীগের সভাপতি উদ্দ্যোক্তা ইমরান হাবিবের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, এসময় সহযোগিতা করেন গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবুসহ বিভিন্ন ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মিরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি এম এ খালেক বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিদের্শনায় আমরা গাংনী উপজেলা দুই হাজার পরিবারের

খাদ্যের দায়িত্ব নিয়েছি। কিন্তু তার আগেই আমাদের অঙ্গ সংগঠন গাংনী পৌরছাত্রলীগের আয়োজনে এ খাদ্য দ্রব্য বিতরন আমাকে মনে করিয়ে দিয়েছে ছাত্রলীগের সেই অতীত ইতিহাসকে। অতীতে ছাত্রলীগ বিভিন্ন সময়ে মানুষের পাশে দারিয়েছে। আবারো আমরা গাংনীতে সেই গৌরবউজ্জল ছাত্রলীগ পেয়েছি। আমি গাংনী পৌর ছাত্রলীগকে কথা দিচ্ছি তারা যে ধরনের সহযোগিতা আমার কাছে চাইবে আমি তাদের সেই ধরনের সহযোগিতা দেব। তাছাড়াও পৌরছাত্রলীগের এমন কর্মকান্ড আগামীতে তাদের আরো ভালো নেতৃত্বে পেতে সহযোগিতা করা হবে।

এসময় পৌর ছাত্রলীগের সভাপতি ইমরান হাবিব বলেন, কেন্দ্রীয় ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের নিদের্শনায় মোতাবেক আমরা নিজেদের পকেট খরচের টাকা বাচিয়ে পৌর এলাকার ২র্শ কর্মহীণ পরিবারের মাঝে এ খাদ্য সামগ্রী বিতরন করা হয়।